

# Launch of BRICS 2021 Website

February 19, 2021

---

## BRICS 2021 ওয়েবসাইট লঞ্চ

ফেব্রুয়ারী 19, 2021

বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর সুসমা স্বরাজ ভবনে BRICS সচিবালয়ে ভারতের BRICS 2021 ওয়েবসাইট [www.brics2021.gov.in](http://www.brics2021.gov.in) চালু করেন।

2021 সালে BRICS-এর 15তম বার্ষিকী উদযাপনের বছরে ভারত BRICS চেয়ারশিপ গ্রহণ করে। BRICS@15: থিমের অধীনে অন্তঃ-BRICS সহযোগিতা, দৃষ্টিভঙ্গির ধারাবাহিকতা, একীকরণ এবং ঐক্যমতের মাধ্যমে সহযোগিতা জোরদার করার দিকে দৃষ্টি নিবদ্ধ করছে ভারত। বছর জুড়ে BRICS-এর প্রাথমিক পরিকল্পনাসমূহের মধ্যে আছে বহুপাক্ষিক ব্যবস্থার সংস্কার, সন্ত্রাসবাদ বিরোধী সহযোগিতা, স্থিতিশীল উন্নয়নের লক্ষ্যে প্রযুক্তিগত এবং ডিজিটাল সমাধান এবং P2P সহযোগিতা বৃদ্ধি করা।

এই নিবেদিত ওয়েবসাইটটি সব সময় আপডেটেড এবং নবতম তথ্যের সংগ্রহস্থল হবে এবং বছরের পরিকল্পিত ইভেন্টগুলির তথ্য, প্রেস রিলিজ, মিডিয়া গ্যালারী এবং রেজিস্ট্রেশন প্ল্যাটফর্ম সহ BRICS-এর সমস্ত প্রাসঙ্গিক তথ্য প্রদর্শন করবে।

নিউ দিল্লি

ফেব্রুয়ারী 19, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.